

51(A)

UG-II/Beng.-IV(H)/Supple/20

2020

**BENGALI**

[HONOURS]

Paper : IV

[SUPPLEMENTARY]

Full Marks : 100

Time : 4 Hours

*The figures in the right-hand margin indicate marks.*

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

- ১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :  $১ \times ৫ = ৫$
- ক) “কুস্তীলক ও plagiarist শব্দের অর্থ জিজ্ঞাসা করিলেন”  
— এই দুই শব্দের অর্থ কী?
- খ) রবীন্দ্রনাথ আরবি ফারসি শব্দ প্রয়োগ নিয়ে কোন্ পত্রিকার কোন্ সংখ্যায় তাঁর বক্তব্য পেশ করেন?
- গ) চন্দ্রাপীড়ের মাতার নাম কী?
- ঘ) “সেগুলি প্রাচীন ভারতের জয় ঘোষণা করিতেছে”  
— কিসের মাধ্যমে প্রাচীন ভারতের জয় ঘোষিত হচ্ছে?
- ঙ) পত্রসাহিত্যের আঙ্গিকে লেখা একটি বাংলা উপন্যাস ও একটি কাব্যের নাম লেখকের নামসহ লেখো।
- চ) ‘রম্যানি বীক্ষ্য’ কার লেখা, কী ধরনের রচনা?
- ছ) ‘দুই জাতিই জগতের প্রথম ও প্রধান শিক্ষক’  
— কোন্ দুই জাতির কথা বলা হয়েছে?
- জ) “নব্যতন্ত্র রজতচক্রকে যেরূপ সকল সম্বন্ধের মধ্যবিন্দু করিয়া তুলিতে চাহে, তখন তাহা ছিলনা”  
— ‘নব্যতন্ত্র রজতচক্র’ কী?

[Turn over]

- ২। নীচের যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :  $২ \times ১০ = ২০$
- ক) ‘শুভ উৎসব’ প্রবন্ধে প্রাবন্ধিক কী কী অনুষ্ঠানের কথা উল্লেখ করেছেন?
- খ) ‘ডঃ সুকুমার সেন মহাশয়ের দুইখানি গ্রন্থ পাঠ্যতালিকাভুক্ত ছিল’— প্রবন্ধকার কে? বই দু’খানির নাম লেখ।
- গ) ‘পালামৌ’ র লেখককে কে কেন খাঁ সাহেব বলে ডেকেছিল?
- ঘ) “কাব্যরস নামক অমৃতে যে আমাদের অরুচি জন্মেছে”  
— তার জন্য প্রমথ চৌধুরি কাদের দায়ী করেছেন?
- ঙ) ‘ডায়েরি’ ও ‘ভ্রমণসাহিত্যে’র মধ্যে দুটি পার্থক্য নির্দেশ করো।
- চ) বস্তুনিষ্ঠ সমালোচনা সাহিত্য বলতে কী বোঝ? উদাহরণসহ বুঝিয়ে দাও।
- ছ) ‘তুমি এসো, তুমি এসো, তুমিও এসো এবং তুমি’ — প্রবন্ধ ও প্রবন্ধকারের নামসহ মন্তব্যটি বুঝিয়ে দাও।
- জ) ভারত এবং যবনদের মধ্যে কী কী বৈসাদৃশ্য স্বামী বিবেকানন্দ প্রত্যক্ষ করেছেন?
- ঝ) কোন্ সাহিত্য-সৃষ্টিকে কেন্দ্র করে বাংলা সাহিত্যে প্রথম ও প্রধান রোমান্টিক রচনার আসন স্থির হয়েছে?
- ঞ) ‘লেবাসের অন্দরে তার তামাম তনু পোসিনায় তরবতর’  
— এর মধ্যে দিয়ে কোন্ ধরনের ভাষার আদর্শ প্রকাশিত হয়েছে বলে মনে করা হয়েছে? রচনাকারের নাম লেখ।
- ট) ‘পালামৌ’ সম্বন্ধে লেখকের প্রথমে ও পরে কী অনুভব হয়েছিল?
- ঠ) ‘কোন্ সব জিনিসে সাহিত্যের বাজার ছেয়ে গেছে বলে প্রমথ চৌধুরি মনে করেন?

51(A)

[ 2 ]

৩। নীচের যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :  $৬ \times ৫ = ৩০$

- ক) ‘বাংলা সাহিত্যে রোমান্টিক ভাবধারা, প্রবন্ধে রোমান্টিক ও ক্ল্যাসিকাল রীতির যে প্রসঙ্গ আছে তার তুলনামূলক আলোচনা করো।
- খ) “আর একদিনের কথা বলি, তাহা হইলেই লাতেহার পাহাড়ের কথা আমার শেষ হয়” — লেখক বর্ণিত এই একদিনের কথা — নিজের ভাষায় সংক্ষেপে লেখ।
- গ) রম্যরচনার বৈশিষ্ট্যাবলী উল্লেখ করে বাংলা সাহিত্যের অন্তর্গত একটি রচনা কেন রম্যরচনা শ্রেণিভুক্ত হয়েছে তা বুঝিয়ে দাও।
- ঘ) ‘বহুকাল হইল, একবার আমি পালামৌ প্রদেশে গিয়াছিলাম’ — লেখক এই পালামৌ প্রদেশে যেভাবে পৌঁছেছিলেন — তার বিবরণ দাও।
- ঙ) জীবনী সাহিত্য কীভাবে সাহিত্যের একটি শাখা হয়ে উঠেছে, উপযুক্ত উদাহরণসহ তার সংক্ষিপ্ত আলোচনা করো।
- চ) “যদি নিজ ভাষায় শিক্ষা দেওয়া হয়, তাহা হইলে অনেকটা সহজ হয়” — কোন্ প্রবন্ধের অংশ? প্রবন্ধকার কে? ‘নিজভাষা’ ও ‘পরভাষার’ শিক্ষার বিষয়টি প্রবন্ধকার কীভাবে মূল্যায়ন করেছেন?
- ছ) “এককথায় তিনি ছিলেন একজন ‘ভাক্তজ্ঞানী’” — বক্তা কে? ‘তিনি’ বলতে কার কথা বোঝানো হয়েছে? ‘ভাক্তজ্ঞানী’ শব্দটির তাৎপর্য প্রবন্ধানুসারে ব্যাখ্যা করো।
- $১+১+৪=৬$
- জ) “কিন্তু কবিতার চেয়েও প্রবলভাবে তাঁকে চেনা গেলো

তাঁর গদ্যে” — প্রবন্ধকার বুদ্ধদেব বসু তাঁর এই মতকে প্রতিষ্ঠার জন্য যেভাবে তাঁর বক্তব্যকে পেশ করেছেন তা তুলে ধরো।

৪। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :  $১৫ \times ৩ = ৪৫$

- ক) ‘রামমোহন রায়’ প্রবন্ধটির মর্মবস্তু বিশ্লেষণ করে রামমোহন সম্পর্কে প্রাবন্ধিকের মূল্যায়নের যথার্থতা বিচার করো।
- খ) ‘আমাদের উৎসবে এই অন্তরেরই প্রথম প্রতিষ্ঠা’ — প্রাবন্ধিক পুরাতন ও নতুনকালের উৎসব প্রসঙ্গে আলোচনা করে কীভাবে এই সিদ্ধান্তে উপনীত হয়েছেন তা পাঠ্য প্রবন্ধ অবলম্বনে বুঝিয়ে দাও।
- গ) হাস্যরস ‘পালামৌ’ প্রবন্ধটিকে রমণীয় রসে অভিষিক্ত করে অন্য মাত্রা দিয়েছে — আলোচনা করো।
- ঘ) “আজ তাঁহার সংবর্ধনা উপলক্ষে তাঁহার কাছে অধমর্গের ঋণ স্বীকার করিয়া বিদায় লই” — কার সম্পর্কে একথা বলা হয়েছে? ‘অধমর্গ’ কীভাবে ‘উত্তমর্গের প্রতি তার ঋণ স্বীকার করেছেন, পাঠ্য প্রবন্ধ অবলম্বনে বিশদভাবে লেখো।
- ঙ) প্রাচ্য ও পাশ্চাত্য চিন্তাধারার দ্বন্দ্বই উনিশ শতকের মননভূমি নির্মাণ করেছে — ‘বর্তমান সমস্যা’ প্রবন্ধের আলোকে মন্তব্যটি পরিস্ফুট করো।
- চ) ‘গল্পগুচ্ছ’ আশ্চর্য বই। ইতিহাসের দিক থেকে আশ্চর্য, আন্তরিক মূল্যেও তা-ই।” — প্রাবন্ধিকের এমন মন্তব্যের কারণ মতামতসহ উল্লেখ করো।